সংবাদ প্রতিদিন

কলকাতা ◆ ২৯ জুলাই ২০১৩ সোমবার ১২ শ্রাবণ ১৪২০ ◆ ২.০০ টাকা ◆ বারো পাতা

www.sangbadpratidin.in, epratidin.in

কনিষ্কের পুণ্যস্মৃতিতে ফাউন্ডেশন নিবেদিতার

স্টাফ রিপোর্টার : বড় হলে ডাক্তার হয়ে ছোটদের চিকিৎসা করবে। ন'বছর সাত মাসের কনিষ্কের সেই স্বপ্ন বাস্তবে রূপ পায়নি। তাই তার নামেই 'কনিষ্ক বিনায়ক মেমোরিয়াল ফাউন্ডেশন' গড়লেন মা নিবেদিতা। রবিবার থেকে শুরু হল ফাউন্ডেশন পথ চলা। দেশের যে শিশুরা জটিল জিনবাহিত রোগে আক্রান্ত, অথচ সময় মতো রোগ-শনাক্ত হয় না বা চিকিৎসা পায় না তাদের সে সুযোগ দিতেই তৈরি হয়েছে 'কণিষ্ক ফাউন্ডেশন'। কর্মসূত্রে চেক প্রজাতন্ত্রের জেলিনের বাসিন্দা নিবেদিতার আদি বাড়ি মেদিনীপুর। সেই শিকড়ের টানে মেদিনীপুরেই তৈরি করেছেন 'কনিষ্ক ফাউন্ডেশন'। হাসপাতাল পরিষেবা দেওয়া নয়, স্থানীয় চিকিৎসকদের জটিল জিনবাহিত রোগের উপসর্গ সম্পর্কে ওয়াকিবহাল করে প্রাথমিক পর্যায়ে রোগের শনাক্ত করাই ফাউন্ডেশনের এক মাত্র লক্ষ্য।

জটিল জিনবাহিত রোগ প্রাইমারি হাইপারঅক্সালোরিয়া টাইপ-১-এ আক্রান্ত হয়ে ২০১১ সালের ১৯ মে জীবনের যুদ্ধ থেমে গিয়েছিল ছোট্ট কনিষ্কের। অথচ এই মারণ রোগের কোনও উপসর্গই দেখা দেয়নি বলে জানান নিবেদিতা। ২০০৯ সালে প্রথম 'অ্যাডিনয়েড' নামে নাকের একটা সমস্যার চিকিৎসা করাতে গিয়ে জানা যায়, কনিষ্কের উচ্চ রক্তচাপ ও মূত্রে সংক্রমণ রয়েছে। নিয়মিত অ্যান্টিবায়োটিকেও মূত্রের সংক্রমণ নিয়ন্ত্রণ করা না গেলে নিউক্লিয়ার মেডিসিন, সিস্টোগ্রাম ও কিডনির আল্ট্রাসোনগ্রাফি করে জানা যায়, প্রাইমারি হাইপারঅক্সালোরিয়া টাইপ-১-এ আক্রান্ত ছোট্ট কনিষ্ক। ভারতে এখনও পর্যন্ত এই রোগের আক্রান্ত একমাত্র নথিভুক্ত রোগী কনিষ্ক। জটিল এই অসুখের চিকিৎসাও বেশ জটিল ছিল। দু'বার লিভার ও একবার কিডনি প্রতিস্থাপনের পরেও কনিষ্ককে বাঁচানো যায়নি। একমাত্র ছেলের মৃত্যুর পর ভেঙে পড়লেও হাল ছাড়েননি নিবেদিতা। ছেলের অফুরন্ত প্রাণ শক্তি ও বেঁচে থাকার স্বপ্নকে সার্থক করেত অসংখ্য কনিষ্কদের উদ্দেশে তৈরি করেন ফাউন্ডেশন। ফাউন্ডেশনের উদ্বোধনে ছিলেন দেশ-বিদেশের বিশেষজ্ঞরা। ছিলেন কনিষ্কের প্রাগের বন্ধু ও চিকিৎসকরাও।

আজকাল

১২ শ্রাবণ ১৪২০ সোমবার ২৯ জুলাই ২০১৩ কলকাতা সংস্করণ ৩.৫০ টাকা *

ইন্টারনেট সংস্করণ: www.aajkaal.net

শোকাতুর মা ছেলের স্মৃতিতে ট্রাস্ট গড়ে রোগ সচেতনতায়

বুদ্ধদেব দাস: মেদিনীপুর, ২৮ জুলাই— ছেলেকে হারিয়েছেন। তাঁর মতো আর যাতে কোনও মাকে দুরারোগ্য ব্যাধিতে পুত্রহারা হতে না হয়, এ জন্য ছেলের স্মৃতিতে মা গড়লেন 'কণিষ্ক বিনায়ক মেমোরিয়াল ফাউন্ডেশন' নামে একটি ট্রাস্ট। ম্যানেজমেন্টের ডক্টরেট নিবেদিতা সাহা চেক রিপাবলিকের জেলিন এ টমাস বাটা বিশ্ববিদ্যালয়ের লেকচারার। স্বামী কৃষ্ণকান্ত সাহা গবেষক। সেখানেই থাকেন। আদি বাড়ি মেদিনীপুরে শরৎপল্লীতে। আর পাঁচটা বাচ্চার মতো তাঁদের একমাত্র সন্তান কণিষ্ক বিনায়ক পড়ত, খেলত, ছুটত। তাকে ঘিরে অনেক স্বপ্ন ছিল তাঁদের। মাত্র ৯ বছর ৭ মাস বয়সে দুরারোগ্য প্রাইমারি হাইপারঅক্সেলেরিয়া (পি এইচ) রোগে আক্রান্ত হয়ে মারা যায় কণিষ্ক। আমেরিকার মেয়ো ক্লিনিকে এই রোগ ধরা পড়ে। এই রোগে শরীরে উৎপন্ন অক্সালিক অ্যাসিড কিডনিতে জমতে থাকে। স্টোন হয়। প্রস্রাবের সমস্যা দেখা দেয়। রক্তকোষে ক্রিস্টাল জমতে থাকে এবং কিডনি ও যকৃতের ক্ষতি করে। এই রোগে কিডনি ও যকৃৎ প্রতিস্থাপন করতে হয়। নিয়মিত ডায়ালিসিস করতে হয়। এই রোগ ব্যয়বহুল। কোনও ওষুধ বের হয়নি। ভারতে এই রোগের চিকিৎসা হয় না। ১ থেকে ১০ বছর বয়সের শিশুদেরই এই রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা সব থেকে বেশি। ছেলের মৃত্যুর পর নিবেদিতা সাহা এতটাই ভেঙে পড়েছিলেন যে, অধ্যাপনা ছাড়তে চেয়েছিলেন। চেক রিপাবলিকের চিকিৎসক ও তাঁর বাবা-মায়ের অনুপ্রেরণায় এই মারণরোগ নিয়ে সচেতনতার প্রচারে সামিল হন। সেই উদ্দেশ্যেই রবিবার মেদিনীপুরে প্রদ্যোত স্মৃতি সদনে কণিষ্ক বিনায়ক মেমোরিয়াল ফাউন্ডেশনের আনুষ্ঠানিক উদ্বোধন হল। উপস্থিত ছিলেন জেলাশাসক সুরেন্দ্র গুপ্তা, সেকেন্দ্রাবাদের সানসাইন হাসপাতালের নেফ্রোলজিস্ট ও আমেরিকার মেয়ো ক্লিনিকে এই রোগ নিয়ে গবেষণা-করা ডাঃ নাগেশ্বরা পামিদি, অধ্যাপক সুকুমার মাইতি, কলকাতা আর জি কর মেডিক্যাল কলেজের অধ্যাপক ডাঃ জয়ন্ত রাউত, ডাঃ বি বি সাহা প্রমুখ। এদিন শরৎপল্লীতে সংস্থার কার্যালয়ের উদ্বোধন করা হয়।

বিপ্লবী
নিরপেক্ষ নয় জনগণের পক্ষে
সব্যসাচী
প্রথম শ্রেণির দৈনিক
২ আগষ্ট ২০১৩ ১৬ শ্রাবন ১৪২০ ১.৫০ টাকা * রেজি নং- আর. এন. ৪৮০৮৫/৮৮

কনিষ্ক বিনায়ক মেমোরিয়াল ফাউন্ডেশনের সূচনা

পত্রিকা প্রতিনিধি : কনিষ্ক বিনায়ক মেমোরিয়াল ফাউন্ডেশনের সূচনা হল। মেদিনীপুর জেলা পরিষদ হলে ২৮ তারিখ সকাল ১০টায় এই মেমোরিয়াল ফাউন্ডেশনের সূচনা করলেন ড. নবনীতা সাহা। ড. সাহা বর্তমানে টমাস বাটা ইউনিভার্সিটি জেলিম, চেক রিপাবলিকে অধ্যাপনা করেন। তার একমাত্র সন্তান কনিষ্ক বিনায়ক সাহা মাত্র ৭ বছর বয়সে এক জটিল ও বিরল রোগে আক্রান্ত হয়। বিদেশের বহুখ্যাতনামা ডাক্তার ও নার্সিংহোমে তার চিকিৎসা করায় তার মা অধ্যাপিকা সাহা এবং তার পরিবার। কিন্তু দুর্ভাগ্য ডাক্তারদের সব রকম চেষ্টাকে ব্যর্থ করে ছোট শিশু কনিষ্ক বিনায়ক সাহা মারা যায় মাত্র ৯ বছর বয়সে। সেই রকম জটিল ও বিরল রোগের সঠিক চিকিৎসা এবং প্রাথমিক স্তরে রোগ নির্ণয়ের ব্যাপারে ড. নবনীতা সাহা ও তার পিতা চিত্তরঞ্জন সাহা মেদিনীপুর শহরে একটি কনিষ্ক বিনায়ক সাহার নামে ফাউন্ডেশন স্থাপন করেন। এই অনুষ্ঠানে বহুবিশিষ্ট মানুষ বহুখ্যাতনামা ডাক্তার এই জটিল রোগ সম্পর্কে বক্তব্য রাখেন। বক্তাদের মধ্যে ছিলেন ডাঃ বি বি সাহা, জেলা শাসক সুরেন্দ্র গুপ্তা, ড. নবনীতা সাহা, ডাঃ গিরীশ চন্দ্র বেরা, ডাঃ কে এল, নায়েক, ডাঃ নাগেশ্বর পামিদি, অধ্যাপক ড. সুকুমার মাইতি, ডাঃ বি দাস প্রমুখ।

বিপ্লবী
নিরপেক্ষ নয় জনগণের পক্ষে
সব্যসাচী
প্রথম শ্রেণির দৈনিক
২৮ জুলাই ২০১৩ ১১ শ্রাবন ১৪২০ ২.০০ টাকা ✸ রেজি নং- আর. এন. ৪৮০৮৫/৮৮

Kanishka Binayak Memorial Foundation
Midnapore

Dear Sir / Madam,

We have the honour to inform you that the inaugural function of ***"Kanishka Binayak Memorial Foundation"*** *will be held at Paschim Medinipur* ***Zilla Parishad Hall at 10.00 a.m. on 28 th July, 2013*** *followed by inaguration of the Foundation office at A/1 Sarat Palli, Dak Banglow road, Midnapore 721101, West Bengal.*

Inaugurator	: **Shri Surendra Gupta**, *IAS, District Magistrate Paschim Medinipur.*
Chief Guest	: **Dr. Girish Chandra Bera**, *C.M.O.H, Midnapore*
Key Note Speaker	: **Dr. K.S. Nayak,** *Chief Naphrologist, Deccan Hospital, Hyderabad.*
Guest Speaker	: **Dr. N. Pamidi,** *Nephrologist, Sunshine Hospitals, Secunderabad.*
Guest of Honour	: **Dr. Mohitosh Mandal**, *Associate Professor, School of Medical Sciences and Technology, IIT Kharagpur.*

We look forward to your kind presence in this inauguration meeting and ceremony which would help fulfilling the objectives of the Foundation.

Dr. Nibedita Saha
Trustee

Dr. B.B.Saha
Trustee

Shri Chittaranjan Saha
General Secretary

Prof. Sukumar Maiti
President

N.B. Inauguration ceremony of "KANISHKA BINAYAK MEMORIAL FOUNDATION" is organizing a seminar for

" Study and Detection of PRIMARY HYPEROXALURIA and other Metabolic Disorder.

All interested persons are cordially invited at Zilla Parisad Hall Paschim Medinipur on 28 th July 2013 at 10:00 am.

উৎসবপ্রভা
বাংলা দৈনিক সংবাদপত্র
১১ শ্রাবণ ১৪২০ ২৮ জুলাই ২০১৩ রবিবার দাম ১.৫০

Kanishka Binayak Memorial Foundation
Midnapore

Dear Sir/Madam,

We have the honour to inform you that the inaugural function of "Kanishka Binayak Memorial Foundation" will be held at paschim Medinipur Zilla Parishad Hall at 10.00 a.m. on 28th July, 2013 followed by inaguration of the Foundation office at A/1 Sarat Palli, Dak Banglow road, Midnapore 721101, West Bengal.

- Inaugurator : **Shri Surendra Gupta**, IAS, District Magistrate Paschim Medinipur.
- Chief Guest : **Dr. Girish Chandra Bera**, C.M.O.H, Midnapore.
- Key Note Speaker : **Dr. K.S. Nayak**, Chief Nephrologist, Deccan Hospital, Hyderabad.
- Guest Speaker : **Dr. N. Pamidi, Nephrologist**, Sunshine Hospitals, Secunderabad.
- Guest of Honour : **Dr. Mohitosh Mandal**, Associate Professor, School of Medical Sciences and Technology, IIT Kharagpur.

We look forward to your kind presence in this inaguration meeting and ceremony which would help fulfilling the objectives of the Foundation.

Dr. B.B. Saha	Dr. Nibedita Saha	Shri. Chittaranjan Saha	Prof. Sukumar Maity
Trustee	Trustee	General Secretary	President

***N.B.** : Inauguration Ceremony of "KANISHKA BINAYAK MEMORIAL FOUNDATION" is organizing a seminar for "Study and Detection of PRIMARY HYPEROXALURIA and Other Metabolic Disorder."*
All interested persons are cordially invited at Zilla Parisad Hall Paschim Medinipur on 28th July 2013 at 10.00 a.m.